গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
সখিপুর, টাঙ্গাইল
www.dls.sakhipur.tangail.gov.bd

স্মারক নং: ৩৩.০১.৯৩৮৫.০০০.২১.০৩২.২৬-৭৭০ তারিখ: ২৩-০৪-২০২৬ খ্রি.

**এপ্রিল/২০২৬ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি: ডা: মো: সাইদুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
সভার তারিখ: ২৩-০৪-২০২৬ খ্রি.
সময়: সকাল ১০:০০ ঘটিকা

স্থান: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সখিপুর, টাঙ্গাইল-এর সভাকক্ষ।

উপস্থিতি: সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে “দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রুভেন বুল তৈরী প্রকল্প”-এর নবনিয়োগপ্রাপ্ত প্রজেনী তথ্য সংগ্রহকারী মো: জোবায়ের হোসেনকে অত্র দপ্তরের পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। পরবর্তীতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের সাথে মতবিনিময়পূর্বক নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করেনঃ

১। আলোচনায় অংশগ্রহণ করে ভেটেরিনারি সার্জন ডা: মো: আমির হামজা জানান যে, অত্র দপ্তরে খামারিদের চিকিৎসাসেবা কার্যক্রম সুষ্ঠু ও নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে এবং যথাসময়ে BAHIS এন্ট্রি প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় খামারিদের চিকিৎসাসেবার মানোন্নয়ন, BAHIS এন্ট্রির পরিমাণ বৃদ্ধি এবং চিকিৎসা রেজিস্টার, নমুনা রেজিস্টারসহ সকল দাপ্তরিক রেজিস্টার নিয়মিত হালনাগাদ রাখার নির্দেশ প্রদান করেন।

২। প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: কানিজ ইয়াসমিন প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের চলমান বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি গত মাসে বিভিন্ন পিজির সভাপতি ও সাধারণ সম্পাদকদের সমন্বয়ে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার বিষয়বস্তু ও কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় পিজি রেজিস্ট্রেশন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

৩। মো: শাহীনুর রহমান, ভিএফএ অত্র দপ্তরের টিকাদান কার্যক্রমসহ বিভিন্ন সম্প্রসারণমূলক কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ এপিএ অর্জনের লক্ষ্যে দায়িত্বশীলতার সাথে কার্যক্রম পরিচালনার নির্দেশ প্রদান করেন।

৪। অত্র দপ্তরের এফ.এ (এ.আই.) কৃত্রিম প্রজনন ডিপ্লোমা ইন লাইভস্টক কোর্স এ ময়মনসিংহ অবস্থান করায় সভাপতি মহোদয় উপজেলার সকল এ.আই. টেকনিশিয়ানের কার্যক্রম নিবিড়ভাবে তদারকি ও সমন্বয়ের নির্দেশ প্রদান করেন।

৫। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক সভায় অবহিত করেন যে, অফিসের ক্যাশবই, বরাদ্দ রেজিস্টারসহ সকল গুরুত্বপূর্ণ রেজিস্টার যথাযথভাবে হালনাগাদ রয়েছে। সভাপতি মহোদয় অফিসের সকল ফাইলপত্র ও রেজিস্টার সর্বদা সুশৃঙ্খল ও হালনাগাদকৃত রাখার নির্দেশ প্রদান করেন।

৬। "প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প"-এর মনোনীত কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (সিইএ) সভায় জানান যে, উপজেলার খামারিদের ঘাস চাষে উদ্বুদ্ধকরণ ও প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে প্রকল্পের নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি মহোদয় তাকে দায়িত্ব পালনে আরও আন্তরিক ও তৎপর হওয়ার নির্দেশ প্রদান করেন।

৭। "সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প"-এর মনোনীত ফিল্ড ফ্যাসিলিটেটর সভায় জানান যে, প্রকল্প কর্তৃক অর্পিত দায়িত্বসমূহ যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করা হচ্ছে। সভাপতি মহোদয় তাকে প্রকল্পের কার্যক্রম আরও ফলপ্রসূভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিক মনোযোগী হওয়ার নির্দেশ প্রদান করেন।

সভা অত্যন্ত আন্তরিক, সৌহার্দ্যপূর্ণ ও গঠনমূলক পরিবেশে অনুষ্ঠিত হয়। আলোচ্যসূচিতে আর কোনো বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

18.05.26

ডা: মো: সাইদুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
সখিপুর, টাঙ্গাইল
মোবাইল নম্বর-০১৭১৮-০৩২১৬৩

স্মারক নং: ৩৩.০১.৯৩৮৫.০০০.২১.০৩২.২৬- ৭৭০

তারিখ: ২৩-০৪-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাঙ্গাইল।
২। দপ্তর কপি।

স্বা!

ডা: মো: সাইদুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
সখিপুর, টাঙ্গাইল
মোবাইল নম্বর-০১৭১৮-০৩২১৬৩